৯। কবি ও কবিতার নাম-সহ 'নোলক' কবিতা :

### নোলক

**আল মাহমুদ**

আমার মায়ের সোনার নোলক হারিয়ে গেল শেষে
হেথায় খুঁজি হোথায় খুঁজি সারা বাংলাদেশে।
নদীর কাছে গিয়েছিলাম, আছে তোমার কাছে?
– হাত দিও না আমার শরীর ভরা বোয়াল মাছে।
বললো কেঁদে তিতাস নদী হরিণবেড়ের বাঁকে।
শাদা পালক বকরা যেথায় পাখ ছড়িয়ে থাকে।
জল ছাড়িয়ে দল হারিয়ে গেলাম বনের দিক
সবুজ বনের হরিৎ টিয়ে করে রে ঝিকমিক

## কী টু সাজেশন্স ➤ প্রশ্ন–২

☑ নিচের শব্দগুলোর অর্থ :

### ১. এই দেশ এই মানুষ

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| বেলাভূমি | — | সমুদ্রের তীরে বালুময় স্থান |
| প্রান্তর | — | মাঠ, জনবসতি নেই এমন বিস্তীর্ণ ভূমি |
| সাংগ্রাই | — | রাখাইনদের নববর্ষ উৎসব |
| বিজু | — | চাকমাদের নববর্ষ উৎসব |
| পেশা | — | জীবিকার উপায় |
| বৈচিত্র্য | — | বিভিন্নতা |
| শ্রদ্ধা | — | সম্মান |
| উৎসব | — | আনন্দানুষ্ঠান |

### ২. সংকল্প

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| বন্ধ | — | বন্ধ |
| বরণ | — | সাদরে গ্রহণ |
| মরণ–যন্ত্রণা | — | মৃত্যুর কষ্ট |
| বীর | — | সাহসী |
| দেশান্তর | — | অন্য দেশ |
| যুগান্তর | — | অন্য যুগ বা সময় |
| সংকল্প | — | প্রতিজ্ঞা |
| চন্দ্রলোক | — | চাঁদের দেশ |
| অচিনপুর | — | অচেনা স্থান |

### ৩. সুন্দরবনের প্রাণী

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| সম্ভার | — | বিভিন্ন উপাদান, বিভিন্ন জিনিস |
| অপার | — | অগাধ, অসীম |
| রয়েল | — | রাজকীয় |
| স্যাঁতসেঁতে | — | ভেজা, ভেজা ভাব |
| ভয়ংকর | — | ভীষণ, ভীতিজনক, অত্যন্ত |
| আবাস | — | বাসস্থান |

### ৪. হাতি আর শিয়ালের গল্প

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| তিরিক্ষি | — | খারাপ মেজাজ |
| তুলকালাম কান্ড | — | এলাহি কান্ড |
| হুঙ্কার | — | চিৎকার |
| তটস্থ | — | ব্যতিব্যস্ত |
| আস্তানা | — | বসবাসের জায়গা |
| উদ্গ্রীব | — | প্রতিমুহূর্ত অপেক্ষা করা, খুব আগ্রহী |
| অসীম | — | সীমাহীন, অনন্ত, অশেষ |
| তোলপাড় | — | অস্থিরতা, চাঞ্চল্য |

### ৫. ফুটবল খেলোয়াড়

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| খ্যাতি | — | সুনাম |
| পটি | — | কাপড়ের লম্বা টুকরা |
| খাটিয়া | — | কাঠের তৈরি খাট |
| উপহাস | — | ঠাট্টা, কৌতুক |
| খবর | — | সংবাদ |

### ৬. বীরের রক্তে স্বাধীন এ দেশ

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| টহল | — | পাহারা দেওয়া |
| আসন্ন | — | নিকট |
| অবধারিত | — | অনিবার্য, যা হবেই, নির্ধারিত |
| রক্তস্রোতে | — | রক্তের প্রবাহে |
| আক্রমণ | — | অন্যের ওপর হামলা |
| সমাহিত | — | সমাধিস্থ |
| অসীম | — | সীমাহীন |
| কৌশল | — | নিপুণতা |

### ৭. সবার আমি ছাত্র

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| উদার | — | মহৎ, দানশীল |
| মৌন-মহান | — | নীরব ও শ্রেষ্ঠ |
| মন্ত্রণা | — | পরামর্শ, যুক্তি, উপদেশ |
| সহিষ্ণুতা | — | সহ্যশক্তি, সহনশীলতা |

### ৮. শখের মৃৎশিল্প

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| শখ | — | মনের ইচ্ছা, রুচি |
| উপকরণ | — | উপাদান |
| মৃৎশিল্প | — | মাটির তৈরি শিল্পকর্ম |
| নকশা | — | রেখা দিয়ে আঁকা ছবি |
| বিচিত্র | — | মনোহর, সুন্দর, বিস্ময়কর |

### ৯. শব্দদূষণ

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| নিশিরাত | — | গভীর রাত্রি, মাঝ রাত |
| কিচিরমিচির | — | পাখির ডাকাডাকির আওয়াজ। |

### ১০. স্মরণীয় যাঁরা বরণীয় যাঁরা

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| অবরুদ্ধ | — | শত্রু দিয়ে বেষ্টিত, বন্দি |
| অবধারিত | — | অনিবার্য, যা হবেই, নির্ধারিত |
| নির্বিচারে | — | কোনো রকম বিচার বিবেচনা ছাড়া |
| বরেণ্য | — | মান্য |
| মনস্বী | — | উদারমনা |
| যশস্বী | — | বিখ্যাত, কীর্তিমান |

### ১১. স্বদেশ

| প্রদত্ত শব্দ | | অর্থ |
|---|---|---|
| কড়ি | — | এক ধরনের ছোট্ট সাদা ঝিনুক |
| টুকটুক | — | গাঢ়, সুন্দর |
| পাখপাখালি | — | নানা ধরনের পাখি |

# বাংলা
# কী টু সাজেশন্স

## কী টু সাজেশন্স ➤ প্রশ্ন–১

☑ কবি ও কবিতার নাম-সহ কবিতার প্রথম ৮ পঙ্ক্তি লিখন :

১। কবি ও কবিতার নাম-সহ 'সংকল্প' কবিতা :

**সংকল্প**
**কাজী নজরুল ইসলাম**

থাকব না কো বন্ধ ঘরে
দেখব এবার জগৎটাকে,–
কেমন করে ঘুরছে মানুষ
যুগান্তরের ঘূর্ণিপাকে।
দেশ হতে দেশ দেশান্তরে
ছুটছে তারা কেমন করে,
কিসের নেশায় কেমন করে
মরছে যে বীর লাখে লাখে,
কিসের আশায় করছে তারা
বরণ মরণ-যন্ত্রণাকো॥

২। কবি ও কবিতার নাম-সহ 'ফুটবল খেলোয়াড়' কবিতা :

**ফুটবল খেলোয়াড়**
**জসীমউদ্দীন**

আমাদের মেসে ইমদাদ হক ফুটবল খেলোয়াড়,
হাতে পায়ে মুখে শত আঘাতের ক্ষতে খ্যাতি লেখা তার।
সন্ধ্যাবেলায় দেখিবে তাহারে পটি বাঁধি পায়ে হাতে,
মালিশ মাখিছে প্রতি গিঁটে গিঁটে কাত হয়ে বিছানাতে।
মেসের চাকর হয় লবেজান সেঁক দিতে ভাঙা হাড়ে,
সারা রাত শুধু ছটফট করে কেঁদে কেঁদে ডাক ছাড়ে।
আমরা তো ভাবি ছ মাসের তরে পঙ্গু সে হলো হায়,
ফুটবল-টিমে বল লয়ে কভু দেখিতে পাব না তায়।

৩। কবি ও কবিতার নাম-সহ 'সবার আমি ছাত্র' কবিতা :

**সবার আমি ছাত্র**
**সুনির্মল বসু**

আকাশ আমায় শিক্ষা দিল
উদার হতে ভাই রে,
কর্মী হবার মন্ত্র আমি
বায়ুর কাছে পাই রে।
পাহাড় শিখায় তাহার সমান–
হই যেন ভাই মৌন-মহান,
খোলা মাঠের উপদেশে–
দিল-খোলা হই তাই রে।

৪। কবি ও কবিতার নাম-সহ 'শব্দদূষণ' কবিতা :

**শব্দদূষণ**
**সুকুমার বড়ুয়া**

গরু ডাকে হাঁস ডাকে-ডাকে কবুতর
গাছে ডাকে শত পাখি সারা দিনভর।
মোরগের ডাক শুনি প্রতিদিন ভোরে
নিশিরাতে কুকুরের দল ডাকে জোরে।
দোয়েল চড়ুই মিলে কিচির মিচির
গান শুনি ঘুঘু আর টুনটুনিটির।
শহরের পাতি কাক ডাকে ঝাঁকে ঝাঁকে
ঘুম দেয়া মুশকিল হর্নের হাঁকে।

৫। কবি ও কবিতার নাম-সহ 'স্বদেশ' কবিতা :

**স্বদেশ**
**আহসান হাবীব**

এই যে নদী
নদীর জোয়ার
নৌকা সারে সারে,
একলা বসে আপন মনে
বসে নদীর ধারে–
এই ছবিটি চেনা।
মনের মধ্যে যখন খুশি
এই ছবিটি আঁকি,

৬। কবি ও কবিতার নাম-সহ 'ঘাসফুল' কবিতা :

**ঘাসফুল**
**জ্যোতিরিন্দ্র মৈত্র**

আমরা ঘাসের ছোট ছোট ফুল
হাওয়াতে দোলাই মাথা,
তুলো না মোদের দলো না পায়ে
ছিঁড় না নরম পাতা।

শুধু দেখ আর খুশি হও মনে
সূর্যের সাথে হাসির কিরণে
কেমন আমরা হেসে উঠি আর
দুলে দুলে নাড়ি মাথা।

৭। কবি ও কবিতার নাম-সহ 'শিক্ষাগুরুর মর্যাদা' কবিতা :

**শিক্ষাগুরুর মর্যাদা**
**কাজী কাদের নওয়াজ**

বাদশাহ আলমগীর–
কুমারে তাঁহার পড়াইত এক মৌলবি দিল্লির।
একদা প্রভাতে গিয়া
দেখেন বাদশাহ– শাহজাদা এক পাত্র হস্তে নিয়া
ঢালিতেছে বারি গুরুর চরণে
পুলকিত হৃদে আনত-নয়নে,
শিক্ষক শুধু নিজ হাত দিয়া নিজেরি পায়ের ধূলি
ধুয়ে-মুছে সব করিছেন সাফ সঞ্চারি অঙ্গুলি।

৮। কবি ও কবিতার নাম-সহ 'দুই তীরে' কবিতা :

**দুই তীরে**
**রবীন্দ্রনাথ ঠাকুর**

আমি ভালোবাসি আমার
নদীর বালুচর,
শরৎকালে যে নির্জনে
চখাচখির ঘর।

যেথায় ফুটে কাশ
তটের চারি পাশ,
শীতের দিনে বিদেশি সব
হাঁসের বসবাস।

# বাংলা

# কী টু সাজেশন্স

পৃষ্ঠা নং

## প্রাথমিক গণিত


সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০১ ........ ৩৩৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০২ ........ ৩৩৫
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৩ ........ ৩৩৮
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৪ ........ ৩৪০
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৫ ........ ৩৪৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৬ ........ ৩৪৬
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৭ ........ ৩৪৮
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৮ ........ ৩৫১
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৯ ........ ৩৫৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১০ ........ ৩৫৬
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১১ ........ ৩৫৮
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১২ ........ ৩৬০
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৩ ........ ৩৬৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৪ ........ ৩৬৫
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৫ ........ ৩৬৮
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৬ ........ ৩৭১
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৭ ........ ৩৭৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৮ ........ ৩৭৬
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৯ ........ ৩৭৯
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–২০ ........ ৩৮২


## প্রাথমিক বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয়


সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০১ ........ ৩৮৭
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০২ ........ ৩৮৭
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৩ ........ ৩৮৮
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৪ ........ ৩৮৯
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৫ ........ ৩৮৯
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৬ ........ ৩৯০
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৭ ........ ৩৯১
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৮ ........ ৩৯১
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–০৯ ........ ৩৯২
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১০ ........ ৩৯৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১১ ........ ৩৯৩
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১২ ........ ৩৯৪
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৩ ........ ৩৯৫
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৪ ........ ৩৯৫
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৫ ........ ৩৯৬
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৬ ........ ৩৯৭
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৭ ........ ৩৯৭
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৮ ........ ৩৯৮
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–১৯ ........ ৩৯৯
সলূশন্স টু স্পেশাল মডেল টেস্ট–২০ ........ ৪০০

(ঘ) রয়েল বেঙ্গাল টাইগার বাংলাদেশের ——— সম্পদ।
(ঙ) শকুন বাংলাদেশে এখন ——— পাখি।

**সেট-২**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| প্রকৃতির | আফ্রিকার | রাঙামাটি | আবহাওয়া | ওলবাঘ |

(ক) একসময় সুন্দরবনে ছিল চিতাবাঘ ও ———।
(খ) প্রাণী, বৃক্ষলতা সবকিছুই ——— দান।
(গ) আমাদের দেশের ——— আর বান্দরবানের জঙ্গালে হাতি দেখতে পাওয়া যায়।
(ঘ) সিংহ বললেই চোখে ভেসে ওঠে ——— কথা।
(ঙ) যে দেশে যেমন ——— ও জলবায়ু, সে দেশে তেমন উপযোগী প্রাণী বসবাস করে।

**সেট-৩**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| দক্ষিণে | ক্ষতি | প্রকৃতির | জলোচ্ছ্বাস | আফ্রিকার |

(ক) ঘূর্ণিঝড় ও ——— থেকে সুন্দরবন আমাদের রক্ষা করে।
(খ) বাংলাদেশের ——— সমুদ্রের কোল ঘেঁষে গড়ে উঠেছে সুন্দরবন।
(গ) প্রাণী, বৃক্ষলতা সবকিছুই ——— দান।
(ঘ) আমরা সুন্দরবনের অনেক ——— করেছি।
(ঙ) সিংহ বললেই ভেসে ওঠে ——— কথা।

## ৪. হাতি আর শিয়ালের গল্প

**সেট-১**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| পৃথিবী | তুলকালাম কান্ড | তটস্থ | অহংকার | হুঙ্কার |

(ক) —— পতনের মূল।
(খ) বিদ্যুৎ চমকালে —— কেঁপে ওঠে বলে মনে হতে পারে।
(গ) কী হয়েছে, এত —— হয়ে আছ কেন?
(ঘ) বনের সিংহ —— দিলে মানুষের মনে ভয় জাগে।
(ঙ) নিজের কলমটা খুঁজে না পেয়ে সে —— বাঁধিয়ে দিয়েছে।

**সেট-২**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| শঙ্কিত | নাচছি | তিরিক্ষি | শিয়ালের | দিগন্তের |

(ক) ——— ওপারে কী আছে কেউ জানে না।
(খ) মেজাজ ——— বলে তার কাছে কেউ ঘেঁষতে চায় না।
(গ) তুমি এত ——— কেন? কী হয়েছে?
(ঘ) সবাই মিলে ——— উপরেই ভার দিল হাতিকে সামলানোর।
(ঙ) আমরা এখন মুক্ত-স্বাধীন ——— সবাই তা-ধিন তা-ধিন।

**সেট-৩**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| মহাখুশি | বিশাল | বটপাকুড় | উদ্‌গ্রীব | সিংহের |

(ক) হাতিটার পা-গুলো ——— গাছের মতো মোটা।
(খ) হাতি তো শিয়ালের কথা শুনে ———।
(গ) এক সন্ধ্যায় বনের সব প্রাণী এসে জড়ো হলো ——— গুহায়।
(ঘ) নদীর ওপারে সবাই ——— হয়ে বসে আছে।
(ঙ) হাতিটার সে-কী ——— শরীর।

## ৫. ফুটবল খেলোয়াড়

**সেট-১**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| মালিশের | ক্ষত | মহাকলরব | বজ্র | পটি |

(ক) ইমদাদ হকের শরীরে অনেক আঘাতের ——— রয়েছে।
(খ) সন্ধ্যাবেলায় পায়ে হাতে ——— বাঁধে সে।
(গ) খেলায় জিতে দর্শকেরা ——— করে ফিরে যাচ্ছে।
(ঘ) টেবিলের উপর ——— শিশিগুলো রাখা আছে।
(ঙ) ——— পড়ার শব্দে শিশুটির ঘুম ভেঙে গেল।

**সেট-২**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| লবেজান | ড্রিবলিং | লক্ষ্য | মরণের | প্রভাত |

(ক) ইমদাদ বাম পায়ে ——— করে।
(খ) জীবনের পণ, ——— পণ, সব বাধা পায় দল।
(গ) মেসের চাকর হয় ——— সেঁক দিতে ভাঙা হাড়ে।
(ঘ) ——— বেলায় খবর লইতে ছুটে যায় তার ঘরে।
(ঙ) খেলায় জেতাই তার জীবনের একমাত্র ———।

## ৬. বীরের রক্তে স্বাধীন এ দেশ

**সেট-১**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| নূর মোহাম্মদ শেখ | রুহুল আমিনের | নান্নু মিয়া | ১৯৪৩, ৮ই | গৌরব |

(ক) ল্যান্সনায়েক নূর মোহাম্মদ শেখের দলে ছিলেন অসীম সাহসী মুক্তিযোদ্ধা ———।
(খ) নিজের জীবনকে তুচ্ছ করে ——— সেদিন এভাবেই রক্ষা করেছিলেন মুক্তিযোদ্ধাদের জীবন।
(গ) ল্যান্সনায়েক মুন্সী আবদুর রউফ ——— সালের ——— মে ফরিদপুর জেলার বোয়ালমারি থানার সালামতপুর গ্রামে জন্মগ্রহণ করেন।
(ঘ) এই যুদ্ধে জয়ী বাহিনী হিসেবে মুক্তিযোদ্ধারা বয়ে এনেছেন অসীম ———।
(ঙ) রাজাকারদের হাতে নির্মমভাবে মৃত্যু হলো মোহাম্মদ ———।

**সেট-২**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| মহিষখোলা | গোয়ালহাটি | ভৈরব | সাতটি | সহযোদ্ধাদের |

(ক) ——— গ্রামে টহল দিচ্ছিলেন পাঁচ মুক্তিযোদ্ধা।
(খ) ——— জীবন রক্ষার জন্য যতক্ষণ সম্ভব গুলি চালাতে চালাতে তিনি শহিদ হলেন।
(গ) নূর মোহাম্মদ শেখ ——— গ্রামে জন্মগ্রহণ করেন।
(ঘ) মুক্তিযোদ্ধাদের আক্রমণে পাকিস্তানিদের ——— স্পিডবোটই ডুবে গেল।
(ঙ) ——— নদী বেয়ে খুলনার দিকে চলেছে নৌজাহাজ দুটি।

## ৭. সবার আমি ছাত্র

**সেট-১**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| বায়ুতে | খোলা মাঠের | উদার | পাহাড় | কর্মী |

(ক) ——— মানসিকতা মানুষের একটি মহৎ গুণ।
(খ) ——— সবাই পছন্দ করে।
(গ) দখিনা ——— মন ভরে যায়।
(ঘ) বাংলাদেশের চট্টগ্রাম বিভাগে রয়েছে সবচেয়ে বেশি ———।
(ঙ) আদিগন্ত ——— দৃশ্য আমাদের মন-খোলা, উদার প্রাণ করে তোলে।

**সেট-২**

**ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।**

| | | | | |
|---|---|---|---|---|
| উপদেশ | বিশ্বজোড়া | কৌতূহল | মধুর | সহিষ্ণুতা |

(ক) স্নিগ্ধার কথা অত্যন্ত ———।
(খ) বড়োদের ——— মেনে চলা উচিত।
(গ) আমাদের প্রত্যেকের মাঝে ——— থাকা প্রয়োজন।
(ঘ) নতুন কিছু শেখার জন্য আমাদের ——— প্রবল।
(ঙ) কবি রেজাউদ্দীন স্টালিনের ——— খ্যাতি।

**৫. ফুটবল খেলোয়াড়**
বজ্র, ছটফট, হয়রান, খ্যাতি, মহাকলরব।

**৬. বীরের রক্তে স্বাধীন এ দেশ**
দুরন্ত, সাহসী, শহিদ, স্বাধীন, বীর, সুনাম, গৌরব।

**৭. সবার আমি ছাত্র**
উদার, মৌন-মহান, দিল-খোলা, মন্ত্রণা, সহিষ্ণুতা, দীক্ষা, উপদেশ, কঠোর, পাঠশালা, কৌতূহল।

**৮. শখের মৃৎশিল্প**
শখ, হাঁড়ি, বৈশাখ, শিল্পকলা, কুমার, আঠালো, টেরাকোটা, মৃৎশিল্প।

**৯. শব্দদূষণ**
শব্দদূষণ, নিশিরাত, কিচিরমিচির।

**১০. স্মরণীয় যাঁরা বরণীয় যাঁরা**
মেধাবী, পরিকল্পনা, খ্যাতনামা, নিরহংকার, সাংবাদিক, আইনজীবী, পরাজয়, দানবীর, স্মরণ, অপূরণীয়, জীবিত, বুদ্ধিজীবী, আত্মদান।

**১১. স্বদেশ**
জোয়ার, জারুল, কড়ি, হাট, বাগান, দেশ।

**১২. কাঞ্চনমালা আর কাঁকনমালা**
বাঁশি, প্রতিজ্ঞা, গমগম, লোক-লস্কর, মন্ত্রী, আসল।

**১৩. অবাক জলপান**
তেষ্টা, পথিক, ঘাট, কুয়া, জলাতঙ্ক, হাইড্রোফোবিয়া, এক্সপেরিমেন্ট।

**১৪. ঘাসফুল**
ঘাসফুল, হাওয়া, রূপকথা, ধরা, স্নেহ-কণা।

**১৫. আমরা তোমাদের ভুলব না**
শহিদ, নিযাতন, বাঁশের কেল্লা, রাষ্ট্রভাষা, প্রতিবাদ, শ্রদ্ধাভরে, গণঅভ্যুত্থান, বৈষম্যহীন।

**১৬. শিক্ষাগুরুর মর্যাদা**
প্রভাত, পুলকিত, নিস্তার, সৌজন্য, অনর্গল, কেল্লা, কুর্নিশ।

**১৭. ভাবুক ছেলেটি**
পর্যবেক্ষণ, বিজ্ঞানী, শাসন, স্বীকৃতি, তরঙ্গাসৃষ্টি, আবিষ্কার, সফলতা।

**১৮. দুই তীরে**
বালুচর, চখাচখি, রৌদ্র, ডিঙি, ভেলা।

**১৯. বিদায় হজ**
হিজরি, মানবতা, শ্রদ্ধা, ক্রীতদাস, অবিচার, আমির।

**২০. জলপরী ও কাঠুরের গল্প**
রোজ, গরিব, রোজগার, খরস্রোতা, সামর্থ্য, তৎক্ষণাৎ, উপহার, লোভ।

**২১. নোলক**
নোলক, তিতাস, জল, ঝিকমিক, পাখপাখালি, আহার, গয়না।

**২২. কুমড়ো ও পাখির কথা**
নির্জন, ফুর্তি, শিশির, চমৎকার, সাবাড়, উপকারী, যুদ্ধ, উজার, সতর্ক।

**২৩. দৈত্য ও জেলে**
কায়ক্লেশে, গুজরান, মর্জি, জালা, অনাহার, গোস্তাকি, নসিব, বদনসিব, শ্বেত, আস্থা, জব্বর, বেঈমান।

## প্রশ্নের ধরন ৪ — শূন্যস্থান পূরণকরণ (৫টি)

**☑ শূন্যস্থান পূরণ করো : (৫টি)** ১×৫=৫

### ১. এই দেশ এই মানুষ

**সেট-১**

ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।

| প্রকৃতি | বৈচিত্র্য | সৌভাগ্য | প্রান্তর | বেলাভূমি |
|---|---|---|---|---|

(ক) আমাদের ——— যে আমরা এদেশে জন্মেছি।
(খ) আমাদের দেশে রয়েছে সুন্দর ———।
(গ) কোথায় পাহাড়, কোথায় নদী, কোথায়-বা এর সমুদ্রের ———।
(ঘ) একই দেশ অথচ কত ———।
(ঙ) দেশ মানে এর মানুষ, নদী, আকাশ, ———, পাহাড়, সমুদ্র—এইসব।

**সেট-২**

ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।

| সাঁওতাল | কৃষক | ভাষা | সার্থক | অধিবাসী |
|---|---|---|---|---|

(ক) দেশকে ভালোবাসার মধ্য দিয়েই ——— হয়ে উঠবে আমাদের জীবন।
(খ) আমাদের খাদ্য জোগাতে ——— কাজ করে।
(গ) সকলেই আমরা বাংলাদেশের ———।
(ঘ) বাংলাদেশের প্রকৃতির মতো মানুষ ও ——— বৈচিত্র্যময়।
(ঙ) রাজশাহী জেলায় ——— ক্ষুদ্র জাতিসত্তার বসবাস রয়েছে।

**সেট-৩**

ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।

| জনজীবন | বিজু | সাংগ্রাই | পরস্পরের | চারটি |
|---|---|---|---|---|

(ক) ——— হলো রাখাইনদের নববর্ষের উৎসব।
(খ) বাংলাদেশে প্রধানত ——— ধর্মের লোক রয়েছে।
(গ) বাংলাদেশের প্রকৃতি ও ——— ভারি বৈচিত্র্যময়।
(ঘ) চাকমাদের নববর্ষের উৎসব হলো ——— উৎসব।
(ঙ) সবাই আমরা ——— বন্ধু।

### ২. সংকল্প

**সেট-১**

ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।

| দেশান্তরে | পাতাল | বন্ধ | আকাশ | বীর |
|---|---|---|---|---|

(ক) থাকব না কো ——— ঘরে।
(খ) দেশ হতে দেশ ———/ছুটছে তারা কেমন করে।
(গ) মরছে যে ——— লাখে লাখে।
(ঘ) ——— ফেড়ে নামব নিচে।
(ঙ) উঠব আবার ——— ফুঁড়ে।

**সেট-২**

ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।

| কৌতূহল | প্রতিজ্ঞা | বিশ্বজগৎ | মঙ্গল | যুগান্তরের |
|---|---|---|---|---|

(ক) শুনব আমি, ইঙ্গিত কোন্/ ——— হতে আসছে উড়ে।
(খ) ভালো কাজের জন্য সবাইকে মনে মনে ——— করা উচিত।
(গ) কেমন করে ঘুরছে মানুষ ——— ঘূর্ণিপাকে।
(ঘ) অসীম বিশ্বকে জানার ——— মানুষের।
(ঙ) ——— দেখব আমি আপন হাতের মুঠোয় পুরে।

### ৩. সুন্দরবনের প্রাণী

**সেট-১**

ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করো।

| ভয়ংকর | অমূল্য | সম্ভার | বিলুপ্তপ্রায় | রয়েল |
|---|---|---|---|---|

(ক) প্রকৃতির অপার ——— সমুদ্রের নিচে রয়েছে।
(খ) বাংলাদেশের নামের সঙ্গে জড়িয়ে আছে ——— বেঙ্গল টাইগার।
(গ) বাঘ দেখতে যেমন সুন্দর তেমনি আবার ———।

প্রশ্নপত্র কাঠামো

# সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা– ২০২৫

শ্রেণি : ৫ম

বিষয় : বাংলা

পূর্ণমান : ১০০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

| ক্রমিক নং | প্রশ্নের ধরন | মানবণ্টন |
|---|---|---|
| ১ | কবি ও কবিতার নাম-সহ কবিতার প্রথম ৮ পঙ্‌ক্তি লিখন | ১ + ১ + ৮ = ১০ |
| ২ | শব্দার্থ লিখন (৫টি) | ১ × ৫ = ৫ |
| ৩ | বাক্য গঠন (৫টি) | ১ × ৫ = ৫ |
| ৪ | শূন্যস্থান পূরণকরণ (৫টি) | ১ × ৫ = ৫ |
| ৫ | বহুনির্বাচনি প্রশ্নের উত্তর লিখন (৫টি) | ১ × ৫ = ৫ |
| ৬ | বিপরীত শব্দ/সমার্থক শব্দ লিখন (৫টি) | ১ × ৫ = ৫ |
| ৭ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৪টি) | ২ × ৪ = ৮ |
| ৮ | বিস্তৃত উত্তর প্রশ্ন (৩টি) | ৫ × ৩ = ১৫ |
| ৯ | কবিতা/গদ্য অনুচ্ছেদের মূলভাব লিখন | ৫ × ১ = ৫ |
| ১০ | ভাষারীতি পরিবর্তন/পদ নির্ণয়/ক্রিয়ার কাল (৫টি) | ১ × ৫ = ৫ |
| ১১ | অনুচ্ছেদ (পাঠ্যবই/সমমানের) পড়ে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রশ্ন তৈরিকরণ/প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন প্রয়োগ (৫টি) | ১ × ৫ = ৫ |
| ১২ | যুক্তবর্ণ বিভাজন ও শব্দ গঠন (৫টি) | ১ × ৫ = ৫ |
| ১৩ | এক কথায় প্রকাশ (৫টি) | ১ × ৫ = ৫ |
| ১৪ | ফরম পূরণকরণ/আবেদনপত্র লিখন | ৫ × ১ = ৫ |
| ১৫ | রচনা লিখন (সূত্র-সহ/উন্মুক্ত) | ১২ × ১ = ১২ |

[বি.দ্র : প্রশ্নপত্রে ডোমেইনভিত্তিক (জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক এবং উচ্চতর দক্ষতামূলক) প্রশ্ন থাকবে ।]

২৯/০৭/২০২৫
মোহাম্মদ আহসান ইবনে মাসুদ
আই.ডি. নং-০১২৬৬৮
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

২৯/০৭/২০২৫
ফরিদ আহমদ
যুগ্মসচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

২৯/০৭/২০২৫
রেবেকা সুলতানা
যুগ্মসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলা

# এক্সক্লুসিভ সাজেশন্স

[বি.দ্র. : ৪ থেকে ৯ এবং ১১ নং প্রশ্নের উত্তর প্রদানের ক্ষেত্রে উত্তরপত্রে সমাধান করে দেখাতে হবে। কোনো শিক্ষার্থী উল্লিখিত প্রশ্নগুলোর মধ্যে কোনো প্রশ্নের সমাধান না দেখিয়ে শুধু উত্তর লিখলে ঐ প্রশ্নের উত্তরে কোনো নম্বর পাবে না।]

২৭.০৭.২০২৫
মোঃ সাদিক হাসান
সহকারী বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ

২৯/০৭/২০২৫
ফরিদ আহমদ
যুগ্মসচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

২৯/০৭/২০২৫
রেবেকা সুলতানা
যুগ্মসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রশ্নপত্র কাঠামো

# সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা ২০২৫

শ্রেণি : ৫ম
বিষয় : প্রাথমিক বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয়
মোট নম্বর : ৫০ + ৫০ = ১০০
মোট সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## বিষয় : প্রাথমিক বিজ্ঞান

| ক্রম | প্রশ্নের ধরন | মানবণ্টন |
|---|---|---|
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন–৫টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ১ X ৫ = ৫ |
| ২. | শূন্যস্থান পূরণ/সত্য–মিথ্যা নির্ণয়/মিলকরণ–৫টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ১ X ৫ = ৫ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন–৮টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ২ X ৮ = ১৬ |
| ৪. | বিস্তৃত উত্তর প্রশ্ন–৪টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ৬ X ৪ = ২৪ |
| | মোট | = ৫০ |

## বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

| ক্রম | প্রশ্নের ধরন | মানবণ্টন |
|---|---|---|
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন–৫টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ১ X ৫ = ৫ |
| ২. | শূন্যস্থান পূরণ/সত্য–মিথ্যা নির্ণয়/মিলকরণ–৫টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ১ X ৫ = ৫ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন–৮টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ২ X ৮ = ১৬ |
| ৪. | বিস্তৃত উত্তর প্রশ্ন–৪টি (সবগুলোর উত্তর দিতে হবে) | ৬ X ৪ = ২৪ |
| | মোট | = ৫০ |

[বি.দ্র. : প্রশ্নপত্রে ডোমেইনভিত্তিক (জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক এবং উচ্চতর দক্ষতামূলক) প্রশ্ন থাকবে।]

২৯.০৭.২৫
মোঃ রফি
বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

২৯/০৭/২০২৫
(মোঃ জহুরুল হক)
উর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ।

২৯/০৭/২০২৫
ফরিদ আহমদ
যুগ্মসচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

২৯/০৭/২০২৫
রেবেকা সুলতানা
যুগ্মসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Read the text/dialogue and answer the questions 4, 5 and 6. This text/dialogue will not be given from the textbook, 'English for Today,' of Class V.**

4. Fill in the blanks with the appropriate word from the box. $1 \times 5 = 5$
5. Multiple Choice Questions $1 \times 5 = 5$
6. Answer the following questions in sentence(s). 5 short constructed response questions will be given, and students will have to answer all of them. $3 \times 5 = 15$
7. Make WH questions from the given statements. Students will make questions with the underlined word(s). $1 \times 6 = 6$
8. Rearrange the given words in the correct order to make meaningful sentence/Rearrange the given sentences in the correct order to make a meaningful text/story. $1 \times 6 = 6$
9. Rewrite the sentences using capitalization and punctuation marks. $0.5 \times 10 = 5$
10. Fill up the Form/Fill in the blanks (using information related to days, months, time, cardinal and ordinal numbers, or words for figures). $1 \times 5 = 5$
11. Complete the sentences/text using the correct form of verbs. $1 \times 5 = 5$
12. Write a simple personal letter (clues will be given) 10
13. Write a short composition (free writing or by answering a set of questions.) 10

[No alternative for any question item(s).]

মাহবুবুর রহমান
সহকারী বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

ফরিদ আহমদ
যুগ্মসচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

রেবেকা সুলতানা
যুগ্মসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রশ্নপত্র কাঠামো

## সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা ২০২৫

শ্রেণি : ৫ম
বিষয় : গণিত
সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান : ১০০

| ক্রম | প্রশ্নের ধরন | মানবণ্টন |
|---|---|---|
| ১. | বহুনির্বাচনি প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে ১০টির উত্তর দিতে হবে) | ১ x ১০ = ১০ |
| ২. | শূন্যস্থান পূরণ (১০টি থাকবে ১০টির উত্তর দিতে হবে) | ১ x ১০ = ১০ |
| ৩. | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১৬টি প্রশ্নের মধ্যে ১৬টির উত্তর দিতে হবে) | ১ x ১৬ = ১৬ |
| | **৪—১১ নং প্রশ্নের প্রতিটির মান সমান** | ৮ x ৮ = ৬৪ |
| ৪. | চার প্রক্রিয়া সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ৫. | লসাগু ও গসাগু সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ৬. | সাধারণ ভগ্নাংশ/দশমিক ভগ্নাংশ সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ৭. | গড় সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ৮. | শতকরা সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ৯. | পরিমাপ/সময়/(আয়ত/সামান্তরিক/ত্রিভুজ)–এর ক্ষেত্রফল পরিমাপ সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ১০. | জ্যামিতি সম্পর্কিত : নির্দেশনা অনুসারে চিত্র অঙ্কন ও অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লিখন (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| ১১. | উপাত্ত বিন্যস্তকরণ ও জনসংখ্যা সম্পর্কিত সমস্যা (১টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে) | |
| | মোট | = ১০০ |

প্রশ্নপত্র কাঠামো

# সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা ২০২৫

শ্রেণি : ৫ম
বিষয় : বাংলা
পূর্ণমান : ১০০
সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

| ক্রমিক নং | প্রশ্নের ধরন | মানবণ্টন |
|---|---|---|
| ১ | কবি ও কবিতার নাম–সহ কবিতার প্রথম ৮ পঙ্‌ক্তি লিখন | ১ + ১ + ৮ = ১০ |
| ২ | শব্দার্থ লিখন (৫টি) | ১ x ৫ = ৫ |
| ৩ | বাক্য গঠন (৫টি) | ১ x ৫ = ৫ |
| ৪ | শূন্যস্থান পূরণকরণ (৫টি) | ১ x ৫ = ৫ |
| ৫ | বহুনির্বাচনি প্রশ্নের উত্তর লিখন (৫টি) | ১ x ৫ = ৫ |
| ৬ | বিপরীত শব্দ/সমার্থক শব্দ লিখন (৫টি) | ১ x ৫ = ৫ |
| ৭ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (৪টি) | ২ x ৪ = ৮ |
| ৮ | বিস্তৃত উত্তর প্রশ্ন (৩টি) | ৫ x ৩ = ১৫ |
| ৯ | কবিতা/গদ্য অনুচ্ছেদের মূলভাব লিখন | ৫ x ১ = ৫ |
| ১০ | ভাষারীতি পরিবর্তন/পদ নির্ণয়/ক্রিয়ার কাল (৫টি) | ১ x ৫ = ৫ |
| ১১ | অনুচ্ছেদ (পাঠ্যবই/সমমানের) পড়ে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রশ্ন তৈরিকরণ/প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন প্রয়োগ (৫টি) | ১ x ৫ = ৫ |
| ১২ | যুক্তবর্ণ বিভাজন ও শব্দ গঠন (৫টি) | ১ x ৫ = ৫ |
| ১৩ | এক কথায় প্রকাশ (৫টি) | ১ x ৫ = ৫ |
| ১৪ | ফরম পূরণকরণ/আবেদনপত্র লিখন | ৫ x ১ = ৫ |
| ১৫ | রচনা লিখন (সূত্র-সহ/উন্মুক্ত) | ১২ x ১ = ১২ |

[বি.দ্র. : প্রশ্নপত্রে ডোমেইনভিত্তিক (জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক এবং উচ্চতর দক্ষতামূলক) প্রশ্ন থাকবে।]

মোহাম্মদ আহসান ইবনে মাসুদ
আই.ডি. নং-০১২৬৮৮
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

ফরিদ আহমদ
যুগ্মসচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

রেবেকা সুলতানা
যুগ্মসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Question Structure

# Government Primary School Scholarship Examination 2025

**Class- Five**
**Subject : English**
**Marks- 100**
**Time - 2 hours 30 minutes**

**Read the text/dialogue and answer the questions 1, 2 and 3. This text/dialogue will be given from the textbook, 'English for Today,' of Class V.**

1. Match the given words to their meanings — 1 x 5 = 5
2. Make meaningful sentence with the given words — 1 x 5 = 5
3. Answer the following questions in sentence(s). 6 short constructed response questions will be given, and students will have to answer all of them. — 3 x 6 = 18

# ভূমিকা

মহান সৃষ্টিকর্তার অপরিসীম অনুগ্রহে **নবদূত®** **প্রাথমিক বৃত্তি পরীক্ষা সহায়িকা উইথ এক্সক্লুসিভ সাজেশন্স অ্যান্ড স্পেশাল মডেল টেস্ট** বইটি প্রকাশিত হলো। ৪ আগস্ট ২০২৫ তারিখ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) প্রদত্ত প্রশ্নকাঠামো ও মানবণ্টন অনুযায়ী ২০২৫ সালের পঞ্চম শ্রেণির সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা পাঁচটি বিষয়ে অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় এই পাঁচটি বিষয়ে অধিক অনুশীলনের সুবিধার্থে ও সর্বোচ্চ প্রস্তুতির লক্ষ্যে অভিজ্ঞ শিক্ষক ও পরীক্ষকমণ্ডলী কর্তৃক এক্সক্লুসিভ সাজেশন্স ও স্পেশাল মডেল টেস্টের সমন্বয়ে প্রাথমিক বৃত্তি পরীক্ষা সহায়িকা বইটি প্রকাশ করা হয়েছে।

## বইটির সমুজ্জ্বল বৈশিষ্ট্যসমূহ :

- ☆ অভিজ্ঞ শিক্ষক ও পরীক্ষকমণ্ডলী কর্তৃক এক্সক্লুসিভ সাজেশন্স সংযোজন।
- ☆ দেশসেরা স্কুলসমূহের প্রশ্নপত্র বিশ্লেষণ করে পরীক্ষায় শতভাগ কমন উপযোগী প্রশ্নের সমন্বয়ে সাজেশন্স উপস্থাপন।
- ☆ প্রতিটি বিষয়ের সাজেশন্স ও স্পেশাল মডেল টেস্ট আলাদাভাবে উপস্থাপন।
- ☆ স্পেশাল মডেল টেস্টগুলোর সহজবোধ্য, নির্ভুল ও পূর্ণাঙ্গ উত্তর সংযোজন।
- ☆ প্রতিটি বিষয়ে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কমন উপযোগী ২০ সেট করে স্পেশাল মডেল টেস্ট সংযোজন।
- ☆ বহুনির্বাচনি প্রশ্নসমূহের প্রয়োজনীয় ব্যাখ্যা সংযোজন।

শিক্ষার্থীদের অনুশীলনের সুবিধার্থে সলূশন্স বই আলাদাভাবে প্রকাশ করা হয়েছে। এতে করে শিক্ষার্থীরা প্রথমে নিজেরা প্রশ্নগুলোর উত্তর করার চেষ্টা করবে। তাদের উত্তর কতটুকু সঠিক হলো তা সলূশন্স বইয়ের মাধ্যমে যাচাই করতে পারবে। জ্ঞানগৃহ গবেষণা ও সম্পাদনা পরিষদ–এর সম্মানিত সদস্যবৃন্দের সার্বক্ষণিক শ্রমের ফলে বইটি যথাসময়ে নির্ভরযোগ্য বই হিসেবে প্রকাশ করতে সক্ষম হয়েছি। বইটি যাতে নির্ভুলভাবে প্রকাশিত হয় সেজন্য আমরা সকলে সর্বাত্মকভাবে সচেষ্ট থেকেছি। এতদ্সত্ত্বেও যদি মুদ্রণজনিত কারণে কোনো ত্রুটি দৃষ্ট হয় এবং কোনো সজ্জন আমাদের দৃষ্টি আকর্ষণ করেন তবে আমরা তা নির্দ্বিধায় আন্তরিকভাবে গ্রহণ করব। যেসকল সুধী পরামর্শ দিয়ে সার্বিকভাবে সহযোগিতা করেছেন, তাঁদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

পরিশেষে, বইটি শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত সফলতা বয়ে আনলে আমাদের সময় ও শ্রম সার্থক হবে বলে মনে করছি।

**প্রকাশক**